রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মার্চ ২৩, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০২ চৈত্র, ১৪২০ বঙ্গাব্দ/১৬ মার্চ, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৪০-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

**১। শিরোনাম।**—এই বিধিমালা বস্ত্র পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়—

(১) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(৪) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) **"শিক্ষানবিশ"** অর্থ কোন পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং



**মূল্য ঃ** টাকা ৩০.০০

(৭) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড", "স্বীকৃত ইনস্টিটিউট" বা "স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ আপতত বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে নিয়োগের মাধ্যমে;

(ঘ) বদলীর মাধ্যমে; এবং

(ঙ) আউট সোর্সিং এর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক, বাংলাদেশের স্থায়ী বাসিন্দা বা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করতে পারে :

তবে শর্ত থাকে যে, নিয়োগের জন্য বাছাইকৃত কোন প্রতিবন্ধী ব্যক্তি তাঁহার দৈহিক বৈকল্যের কারণে নিয়োগ লাভের ক্ষেত্রে অনুপযুক্ত গণ্য হইবেন না; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্তের ক্ষেত্রে, তদন্তের ফলাফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। **শিক্ষানবিশি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে উক্ত বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশির চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ণিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিশকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশ বলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা প্রবর্তনের সঙ্গে সঙ্গে "বস্ত্র পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১০" এতদ্‌দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন কোন কার্য বা কার্যধারা নিষ্পন্নাধীন থাকিলে, উক্ত কার্য বা কার্যধারা উক্ত রহিত বিধিমালার বিধান অনুসারে এইরূপে নিষ্পত্তি করিতে হইবে, যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।

**তফসিল**

**[ বিধি-২ (২) দ্রষ্টব্য ]**

**(ক) প্রশাসনিক পদসমূহঃ**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | পরিচালক | - | **পদোন্নতির মাধ্যমে:** তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইত অন্যূন স্নাতক ডিগ্রীসহ উপ-পরিচালক (কারিগরী), উপ-পরিচালক (প্রশাসন) বা উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যাসন) পদের অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি। |
| (২) | উপ-পরিচালক (কারিগরী) | - | **পদোন্নতির মাধ্যমে:** তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে বদলী বা প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সহকারী পরিচালক (কারিগরী) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| (৩) | উপ-পরিচালক (প্রশাসন) | - | **পদোন্নতির মাধ্যমে:** তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সহকারী পরিচালক (প্রশাসন) বা সমন্বয়কারী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |
| (৪) | উপ-পরিচালক (জরিপ ও পরিসংখ্যান) | - | **পদোন্নতির মাধ্যমে:** তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ** সহকারী পরিচালক (জরিপ) বা পরিসংখ্যান কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৫) | সহকারী পরিচালক (কারিগরী) | ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) ইনস্ট্রাক্টর (ডিটিআই) বা জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল/কারিগরী) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; অথবা<br>(খ) ইন্সপেক্টর পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৬) | সহকারী পরিচালক (প্রশাসন) | ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয় স্নাতক ডিগ্রীসহ প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; অথবা<br>(খ) পরিদর্শক পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (৭) | সহকারী পরিচালক (জরিপ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে—<br>(ক) পরিসংখ্যান, পদার্থ, গণিত বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; অথবা<br>(খ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৮) | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে—<br>(ক) পরিসংখ্যান, পদার্থ, গণিত বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; অথবা<br>(খ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| (৯) | সমন্বয়কারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী। |
| (১০) | লাইব্রেরীয়ান (কলেজ) | ৩০ বৎসর:<br>তবে শর্ত থাকে যে, বিভাগীয় প্রার্থীদের জন্য সময়সীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | **পদোন্নতির মাধ্যমে:**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>লাইব্রেরীয়ান (ইনস্টিটিউট) পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে লাইব্রেরী সায়েন্স বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে লাইব্রেরী সায়েন্সে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী ও লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমাসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১১) | প্রশাসনিক কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>(ক) হেড এ্যাসিসট্যান্ট, সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, একাউন্টেন্ট বা হিসাবরক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি; অথবা<br>(খ) উচ্চমান সহকারী, উচ্চমান সহকারী কাম-হিসাবরক্ষক বা সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন অফিসের প্রশাসনিক কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| (১২) | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রথম শ্রেণীতে ডিপ্লোমা পাশ। |
| (১৩) | ইন্সপেক্টর | ৩০ বৎর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশসহ টেইলার মাস্টার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা পাশ। |
| (১৪) | পরিদর্শক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | The Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ১৬। | হেড এ্যাসিসট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে | উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, কেয়ার টেকার, উচ্চমান সহকারী কাম-হিসাব রক্ষক, রিসিপশনিস্ট, সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর, স্টোর কিপার বা কেয়ার টেকার বনাম স্টোর কিপার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। |
| ১৭। | ড্রাফটসম্যান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রাফটসম্যানসীপ সনদপ্রাপ্ত। |
| ১৮। | পি.এ কাম-সাঁটলিপিকার | ৩০ বৎসর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recuritment Rules, 1978 অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক কামু অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | |
| ১৯। | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Department) Recuritments Rules, 1978 অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | |
| ২০। | (ক) একাউন্টেন্ট;<br>(খ) হিসাবরক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>ক্যাশিয়ার বা উচ্চমান সহকারী কাম-হিসাবরক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অফিসের হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২১। | ক্যাশিয়ার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>একাউন্টস এ্যাসিসটেন্ট হিসাব সহকারী বা হিসাব সহকারী কাম-ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অফিসের হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| ২২। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অফিসের কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| ২৩। | উচ্চমান সহকারী কাম-হিসাবরক্ষক | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ একাউন্টস এ্যাসিসটেন্ট, হিসাব সহকারী বা হিসাব সহকারী কাম-ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) অফিসের হিসাব সংক্রান্ত কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৪। | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recuritment Rules, 1978 অনুযায়ী; তবে, প্রযোজ্য ক্ষেত্রে, সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইবে। | |
| ২৫। | রিসিপশনিষ্ট | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| ২৬। | স্টোর কিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| ২৭। | কেয়ার টেকার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৮। | কেয়ার টেকার বনাম স্টোর কিপার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী; এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| ২৯। | লাইব্রেরীয়ান (ইনস্টিটিউট) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে;<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) লাইব্রেরীয়ান (প্রধান কার্যালয়) অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং।<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স বা ডিপ্লোমা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী বা সমমানের পরীক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স বা ডিপ্লোমা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক (সম্মান) ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| (৩০) | লাইব্রেরীয়ান (প্রধান কার্যালয়) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩১) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে প্রযোজ্য ক্ষেত্রে, সাঁট লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুসৃত হইব। | |
| (৩২) | (ক) একাউন্টস এ্যাসিস্টেন্ট<br>(খ) হিসাব সহকারী | ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে :**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এম.এল.এসএস. পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় বাস্তব জ্ঞান। |
| (৩৩) | হিসাব সহকারী কাম-ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় বাণিজ্য গ্রুপে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| (৩৪) | ইলেকট্রিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যালে ট্রেড কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ট্রেড সার্টিফিকেট ও বৈধ ইলেকট্রিশিয়ান লাইসেন্সধারী। |
| (৩৫) | কার্পেন্টার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে কার্পেন্টার ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| (৩৬) | ড্রাইভার | ৩০ বৎসর | The Gazetted and Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | |
| (৩৭) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | ৩০ বৎসর | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার, এম.এল.এস.এস. (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩৮) | লাইব্রেরী এ্যাসিসটেন্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ বা গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। |
| (৩৯) | পাম্প অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| (৪০) | এম.এল.এস.এস. | ৩০ বৎসর | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাচ রাইডার, এম.এল.এস.এস. (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী : তবে শর্ত থাকে যে, আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহের নিয়োগ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী হইবে। | |
| (৪১) | নৈশ প্রহরী কাম-দারোয়ান | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা অষ্টম শ্রেণী পাশ এবং শারিরীকভাবে যোগ্য : তবে শর্ত থাকে যে, আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহের নিয়োগ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী হইবে। | | |
| (৪২) | হোস্টেল বয় কাম-দারোয়ান | আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহ নিয়োগ (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (৪৩) | নৈশ প্রহরী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ শারিরীকভাবে যোগ্য। |
| (৪৪) | পাচক (কুক) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ রান্নার কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪৫) | পাচক | আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহ নিয়োগ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (৪৬) | সহকারী পাচক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ রান্নার কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৪৭) | গার্ডেনার | আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (৪৮) | মালি বনাম ঝাড়ুদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। |
| (৪৯) | ঝাড়ুদার | আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |
| (৫০) | সুইপার | আউট সোর্সিং (Out Sourcing) ভিত্তিতে নিয়োগের শর্তে সৃজিত পদসমূহ আউট সোর্সিং (Out Sourcing) এর মাধ্যমে সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮ অনুযায়ী। | | |

**(খ) শিক্ষকতা সংশ্লিষ্ট পদসমূহ ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| (১) | অধ্যক্ষ (কলেজ) | - | সরকার কর্তৃক পদায়নের মাধ্যমে। | **অধ্যাপক (কারিগরি) গণের মধ্য হইতে :**<br>তবে শর্ত থাকে যে, আপাতত বলবৎ অন্য কোন বিধিমালা বা সরকারি আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, উল্লিখিতভাবে পদায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যাপক (কারিগরি) পদটি শুণ্য গণ্যে উক্ত পদে পদোন্নতি বা নিয়োগদানে কোন বাধা থাকিবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২) | অধ্যাপক (কারিগরি) | ৪৫ বৎসর | **পদোন্নতির মাধ্যমে :**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহযোগী অধ্যাপক (কারিগরি) বা অধ্যক্ষ (ইনস্টিটিউট) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন মোট ১৫ (পনের) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যূন ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (৩) | সহযোগী অধ্যাপক (কারিগরি) | ৪০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে :**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী অধ্যাপক (কারিগরি) বা চীফ ইনস্ট্রাক্টর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরিসহ শিক্ষকতায় অন্যূন ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অন্যূন ৯ (নয়) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজী বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অন্যূন ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৪) | অধ্যক্ষ (ইনস্টিটিউট) | ৪৫ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রীসহ চীফ ইনস্ট্রাক্টর, সুপারিনটেনডেন্ট বা উপ-পরিচালক (কারিগরি) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসাবে মোট ১২ (বার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অন্যূন ১০ (দশ) বাস্তব কর্ম অভিজ্ঞতা; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ অন্যূন ১২(বার) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (৫) | সহকারী অধ্যাপক (কারিগরি) | ৩৫ বৎসর | **পদোন্নতির মাধ্যমে:**<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রভাষক (কারিগরি) বা ইনস্ট্রাক্টর ( টেকনিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রী এবং ১ (এক) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের বাস্তাব কর্ম অভিজ্ঞতা; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ (দুই) বৎসরের শিক্ষাকতার অভিজ্ঞতাসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>(গ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (৬) | সহকারী অধ্যাপক (নন-কারিগরি) | ৩৫ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রভাষক (নন-কারিগরি) বা ইনস্ট্রাক্টর ( নন-টেকনিক্যাল, বিজ্ঞান) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী এবং ৫ (পাঁচ) বৎসরের শিক্ষাকতা বা চাকুরির অভিজ্ঞতা;<br>(খ) শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হইবেন;<br>(গ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (৭) | সহকারী অধ্যাপক (মেকানিক্যাল) | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ পিএইচডি ডিগ্রীসহ ২(দুই) বৎসরের অথবা স্নাতকোত্তর ডিগ্রীসহ ৩ (তিন) বৎসরের অথবা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ৫ (পাঁচ) বৎসরের শিক্ষাকতার অভিজ্ঞতা;<br>(খ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৮) | সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল) | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ পিএইচডি ডিগ্রীসহ ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রীসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) শিক্ষতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হইবেন;<br>(গ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (৯) | সহকারী অধ্যাপক (ফ্যাশন এন্ড ডিজাইন) | ৩৫ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রভাষক (ফ্যাশন এন্ড ডিজাইন) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ফ্যাশন এন্ড ডিজাইনে পিএইচডি ডিগ্রী অথবা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ফ্যাশন এন্ড ডিজাইনে স্নাতকোত্তর ডিগ্রী এবং ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা টেক্সটাইল টেকনোলজিতে (স্পেশিয়ালাইজেশন ইন গার্মেন্টস/ফ্যাশন ডিজাইন) প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ফ্যাশন এন্ড ডিজাইন এর উপর ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হইবেন;<br>(গ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১০) | সহকারী অধ্যাপক (কম্পিউটার) | ৩৫ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>প্রভাষক (কম্পিউটার) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হইবেন;<br>(গ) গবেষণার অভিজ্ঞতা এবং স্বীকৃত কোন জার্নালে প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হইবে:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (১১) | চীফ ইনস্ট্রাক্টর | ৩৫ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল), ফোরম্যান বা সহকারী পরিচালক (কারিগরি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রীসহ ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা কোন স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ ৭ (সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হইবেন:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১২) | সুপারিনটেনডেন্ট | ৩৫ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) বা ফোরম্যান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা টেক্সটাইল টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদী ন্যূনতম প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী;<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (১৩) | প্রভাষক (কারিগরি) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রীসহ ইনস্ট্রাক্টর (ডিটিআই) বা জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল)/(কারিগরি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি: |
| | | | নিয়োগের মাধ্যমে। | তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪(চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৪) | প্রভাষক (নন-কারিগরি) | ৩০ বৎসর | (ক) ৪০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী বা ৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রীসহ জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেকনিক্যাল) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (১৫) | প্রভাষক (কম্পিউটার) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে<br>(ক) কম্পিউটার সায়েন্সে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী : অথবা<br>(খ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (১৬) | প্রভাষক (ফ্যাশন এন্ড ডিজাইন) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে<br>(ক) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী : অথবা<br>(খ) ফ্যাশন এন্ড ডিজাইন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৭) | ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>(ক) ইনস্ট্রাক্টর (ডিটিআই) বা জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল)/(কারিগরী) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি :<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ৪(চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (১৮) | ইনস্ট্রাক্টর (নন-টেকনিক্যাল, বিজ্ঞান) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে :<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, গণিত বা রসায়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীসহ জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেকনিক্যাল) বা সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, গণিত বা রসায়ন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী:<br>(খ) স্নাতকোত্তর অথবা স্নাতক (সম্মান) ডিগ্রীধারীদের ক্ষেত্রে সহযোগী বিষয় হিসাবে পদার্থ, গণিত বা রসায়ন এর মধ্যে যে কোন দুইটি বিষয় থাকিতে হইবে :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (১৯) | ইনস্ট্রাক্টর(নন-টেকনিক্যাল, কলা) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে: তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাবসিডিয়ারী বিষয় ইংরেজী বা বাংলাসহ সামাজিক বিজ্ঞান বা কলা অনুষদের কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রীসহ সহকারী শিক্ষক (ভাষা) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরি :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাবসিডিয়ারী বিষয় ইংরেজী বা বাংলাসহ সামাজিক বিজ্ঞান বা কলা অনুষদের কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন্য প্রথম শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী:<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (২০) | ফোরম্যান | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) ইনস্ট্রাক্টর (ডিটিআই) বা জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকনিক্যাল)/(কারিগরি) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি;<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ (চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রী :<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। |
| (২১) | ফিজিক্যাল ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীতে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন ডিগ্রী এবং ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২২) | ইনস্ট্রাকটর (ডিটিআই) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ইন্সপেক্টর পদে ৩ (তিন) বৎসরের অথবা সুপারভাইজার, সহকারী প্রশিক্ষক, এ্যাসিসটেন্ট ইনস্ট্রাক্টর বা সহকারী ইনস্ট্রাক্টর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর ডিপ্লোমা অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের চাকুরিসহ উক্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। |
| (২৩) | জুনিয়র ইনস্ট্রাক্টর (টেকিনিক্যাল)/ (কারিগরি) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>এ্যাসিসটেন্ট ইনস্ট্রাক্টর, সুপারভাইজার বা সহকারী প্রশিক্ষক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে প্রথম শ্রেণীর ডিপ্লোমা অথবা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (২৪) | জুনিয়র ইনস্ট্রাক্টর (নন-টেকিনিক্যাল) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ, রসায়ন ও গণিতসহ বিজ্ঞান বিভাগে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা সহযোগী বিষয় হিসাবে পদার্থ, রসায়ন ও গণিত এর মধ্যে যে কোন ২টি বিষয়সহ স্নাতক (সম্মান) ডিগ্রী; তবে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা স্নাতক এর যে কোন একটিতে প্রথম বিভাগ বা শ্রেণী থাকিতে হইবে। |
| (২৫) | ফটো টেকনিশিয়ান | ৩০ বৎসর | (ক) ৬০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে ঃ**<br>ডিজিটাল ভিডিও ক্যামেরা চালনা ও ফটো স্টুডিওর কাজে অভিজ্ঞতাসহ আর্টিস্ট ডিজাইনার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম বিভাগে ডিপ্লোমা পাশ; অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী ও ফটো টেকনিশিয়ান ট্রেড কোর্স সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (২৬) | সহকারী শিক্ষক (ভাষা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী এবং শিক্ষায় দ্বিতীয় শ্রেণীর স্নাতক (বি এড)) ডিগ্রী; অথবা<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। |
| (২৭) | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী এবং শিক্ষায় দ্বিতীয় শ্রেণীর স্নাতক (বি এড)) ডিগ্রী; অথবা<br>(খ) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। |
| (২৮) | এ্যাসিসটেন্ট ইনস্ট্রাক্টর বা সহকারী ইনস্ট্রাক্টর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার, স্কীল্ড অপারেটর বা টেকনিক্যাল এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃতি ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি পাশ। |
| (২৯) | সুভারভাইজার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার, স্কীল্ড অপারেটর বা টেকনিক্যাল এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃতি ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি পাশ। |
| (৩০) | সহকারী প্রশিক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>হেলপার, স্কীল্ড অপারেটর বা টেকনিক্যাল এ্যাসিসটেন্ট পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি পাশ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩১) | টেইলার মাস্টার | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>টেকনিক্যাল এসিসট্যান্ট, হেলপার বা ম্যাকানিক্স পদে অনূন ৪ (চার) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ড্রেস মেকিংসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩২) | আর্টিষ্ট ডিজাইনার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমেঃ তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রেঃ**<br>আর্টিষ্ট এসিস্ট্যান্ট পদে অনূন ৩ (তিন) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ**<br>(ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা; অথবা<br>(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মেকানিক্যাল ট্রেড কোর্স পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৩) | প্যাটার্ণ ডিজাইনার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে ফ্যাশন ডিজাইন বা ফাইন আর্টস এ ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং কম্পিউটার চালনায় পারদর্শিতা। |
| (৩৪) | বয়লার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স পাশ এবং ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা এবং বয়লার ইন্সপেক্টর কর্তৃক এ অথবা বি গ্রেড সার্টিফিকেট প্রাপ্ত। |
| (৩৫) | টেকনিক্যাল এসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| (৩৬) | হেলপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩৭) | স্কিল্ড অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| (৩৮) | আর্টিষ্ট এসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অংকন ও চারুকলায় পারদর্শিতাসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৩৯) | ম্যাকানিক্স | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ম্যাকানিক্যাল ট্রেড পাশসহ ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| (৪০) | ল্যাবরেটরী এসিসট্যান্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগ হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |
| (৪১) | ওয়ার্কম্যান লেবারার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাশ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফণী ভূষণ চৌধুরী**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd